আজকের কাগজ

তারিখ ..05 SEP 1992 ... ...
পৃষ্ঠা... ৬ ........ কলাম .৫. ...

130

# শিক্ষক অপসারণের দাবিতে মাঝিয়াড়া বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর ক্লাস বর্জন অব্যাহত

তালা থানার মাঝিয়াড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক অপসারণের দাবিতে কোমলমতি ছাত্র-ছাত্রীরা তাদের ক্লাস বর্জন অব্যাহত রেখেছে।

জানা গেছে, স্কুলটিতে ৪ জন শিক্ষক আছে। কিন্তু ছাত্র-ছাত্রীদের অভিযোগ হলো- নিয়মিত লেখাপড়া শেখানো হয় না। শিক্ষকরা কোনোদিন নামমাত্র হাজিরা দিয়ে চলে যান, কোনোদিন আসেন না। শুধুমাত্র শিবুপদ দত্ত নিয়মিত স্কুলে আসেন। কিন্তু তার একার পক্ষে ৩/৪শ' ছেলেমেয়ে সামলানো সম্ভব নয়।

এ ব্যাপারে ইতিপূর্বে ম্যানেজিং কমিটিসহ অভিভাবক মহল স্থানীয় প্রশাসনের কাছে বহুবার দরখাস্ত করেছে কিন্তু সুফল না পেয়ে গত ২৫ আগস্ট থেকে কোমলমতি ছাত্র-ছাত্রীরা শিক্ষক অপসারণের দাবিতে অনির্দিষ্টকালের জন্যে ক্লাস বর্জন শুরু করেছে।

স্কুলটি পরিদর্শনকালে দেখা যায়, মাত্র ২ জন ছাত্র স্কুলে আসে তাও জনৈক মাষ্টার সাহেবের ছেলে।

অভিভাবদের সাথে সাক্ষাৎকালে জানা যায়, মাষ্টার আঃ খালেক, আমির আলী জোয়ার্দার ও বেগম আমির আলী এ তিনজন শিক্ষক ছাত্র-ছাত্রীদের লেখা-পড়ার প্রতি কোনো রকম নজর রাখেন না। নিজেদের কাছে সার্বক্ষণিক ব্যস্ত থাকেন। তাই এদের বদলি না করা পর্যন্ত ধর্মঘট অব্যাহত থাকবে।

এ ব্যাপারে থানা শিক্ষা কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, এ তিনজন শিক্ষককে বদলির জন্যে সমুদয় ব্যবস্থা গ্রহণ করে জেলা অফিসে প্রেরণ করা হয়েছে। সাতক্ষীরা থেকে জেলা প্রতিনিধি।

7